বাড়িতে কার্তিক ঠাকুর ফেলতে গিয়েই বিতর্কে জড়ালেন তৃণমূল কাউন্সিলর

নিজস্ব প্রতিবেদন, হুগলি: এলাকাবাসীর বাড়িতে কার্তিক ফেলছে পুরসভা! কার্তিক ঠাকুরের সঙ্গে আসা চিঠিতে অন্তত তেমনটাই ঠাওর হচ্ছে। আর তা ঘিরেই শোরগোল হুগলির বৈদ্যবাটিতে। শুরু হয়েছে রাজনৈতিক তরজা। কার্তিক পুজোয় নববিবাহিত বন্ধুবান্ধবদের বাড়ি কার্তিক ফেলার রীতি রয়েছে বহুকাল ধরেই। সেই কার্তিক ঠাকুর ফেলতে গিয়েই বিতর্কে জড়ালেন বৈদ্যবাটি পুরসভার এক তৃণমূল কাউন্সিলর।

স্থানীয় সূত্রে খবর, বৈদ্যবাটি পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পৌষালি ভট্টাচার্য শ্যামল মাইতি নামে এক জনের বাড়ি কার্তিক ফেলেন, সঙ্গে ছিলেন কাউন্সিলরের অনুগামীরাও। কার্তিক ঠাকুরের সঙ্গে দেওয়া একটি চিঠি ঘিরে বিতর্ক দেখা দেয়। যা লেখা হয়েছে কাউন্সিলরের প্যাডে। সেখানে আবার লেখা রয়েছে 'পুরসভা অনুমোদিত'।

কাউন্সিলর নিজেই ফেসবুকে পোস্ট করেছেন। পোস্ট হতেই শুরু হয় বিতর্ক। এইভাবে পুরসভার প্যাডে এই ধরনের কাজ করা যায় কিনা তাই নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। ঘটনা জানাজানি হওয়ার পরেই বৈদ্যবাটি পুরসভার চেয়ারম্যান পিন্টু মাহাতো কড়া ধমক দেন ওই কাউন্সিলরকে। এই বিষয়ে পুরপ্রধান পিন্টু মাহাতো বলেন, 'পুরসভার কাউন্সিলরের প্যাড পুরসভার কাজে ব্যবহার করার জন্য। এইভাবে ব্যক্তিগত কোনও কাজ বা মজা করার জন্য তা ব্যবহার করা যায় না। যে কাউন্সিলর এই কাজ করেছে, তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করা হচ্ছে। আগামী দিন যাতে এই ধরনের কাজ আর না করেন, সেই নিয়ে তাঁকে সতর্কও করা হয়েছে।'

তবে এই নিয়ে কটাক্ষ করতে ছাড়েনি বিজেপি। বিজেপির যুব মোর্চার মুখপাত্র হরি মিশ্র বলেন, 'যে চিঠিটি পুরসভার প্যাডে লিখে পাঠানো হয়েছে, তার মধ্যে লেখা রয়েছে কার্তিক ঠাকুরের জন্য ২০০০ টাকা লাগবে।' তাঁর বক্তব্য, এ থেকে বোঝা যাচ্ছে, তৃণমূল দল এমনই অবস্থায় চলে গিয়েছে, যে তাঁরা কার্তিক ঠাকুরকেও কাটমানি করতে ছাড়ছেন না।

যদিও এই বিষয়ে চাঁপদানির বিধায়ক তথা হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি অরিন্দম গুঁইন বলেন, 'যে ঘটনাটি ঘটেছে তা নিছকই নিজেদের বন্ধুদের মধ্যে মসকরা করতে গিয়ে। এর মধ্যেও বিরোধীরা রাজনীতি খোঁজার চেষ্টা করছেন। তবে পুরসভার প্যাড ব্যবহার করা উচিত হয়নি।'

'প্রাক্তন বিধায়ক বা সাংসদের প্রাণসংশয় হলে রাজ্যের গুরুত্ব দেওয়া উচিত'

নিজস্ব প্রতিবেদন, আসানসোল: পশ্চিমবঙ্গে বরিষ্ঠ নেতা যারা আগে সাংসদ বা বিধায়ক ছিলেন বা বর্তমানে যারা সরকারের কোনও দলের গুরুত্বপূর্ণ পদে আছেন তাদের প্রাণনাশের আশঙ্কা রাজ্য সরকারকে

গুরুত্বপূর্ণ সহকারে দেখা উচিত। রাশিয়ার রাসায়নিক দিয়ে অর্জুন সিং ও শুভেন্দু অধিকারীকে মারার চক্রান্ত করা হয়েছে বলে অর্জুন সিং যে অভিযোগ করেছিলেন সেই প্রসঙ্গে আসানসোলে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বললেন দিলীপ ঘোষ। উল্লেখ্য, শুক্রবার বিজেপির সদস্যপদ সংগ্রহের অনুষ্ঠানে যোগদান করতে আসেন রাজ্যের প্রাক্তন বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। এদিন তিনি আসানসোল লোকসভা কেন্দ্রের বেশ কিছু এলাকায় বিজেপির সদস্যপদ সংগ্রহ অনুষ্ঠানে যোগদান করেন।

এই অনুষ্ঠানে দিলীপ ঘোষের সঙ্গে ছিলেন পশ্চিম বর্ধমান বিজেপি জেলা সভাপতি বাপ্পা চট্টোপাধ্যায় এবং বিজেপি রাজ্য নেতা কৃষ্ণেন্দু মুখোপাধ্যায় সহ স্থানীয় নেতৃত্ববৃন্দ।

এদিনের কর্মসূচির মধ্যে সাংবাদিকদের মুখোমুখি হন দিলীপ ঘোষ। অর্জুন সিং সংশয় প্রকাশ করেছেন তাকে এবং রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে রাশিয়ার রাসায়নিক কেমিক্যাল দিয়ে মেরে ফেলা চক্রান্ত করা হয়েছে - সাংবাদিকদের এই প্রশ্নের উত্তরে দিলীপ ঘোষ বলেন, বরিষ্ঠ এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন বিধায়ক বা সাংসদ বা যারা গুরুত্বপূর্ণ পদে আছেন তাদের অভিযোগ রাজ্য সরকারের উচিত গুরুত্ব সহকারে দেখার। তিনি আরো বলেন, যদিও বর্তমান রাজ্য সরকার তাদের দলীয় নেতাদের রক্ষা করতেই অক্ষম। ট্যাব কেলেঙ্কারি প্রসঙ্গে প্রশ্ন করা হলে দিলীপ ঘোষ বলেন, যতই সাইবার ক্রাইমের অভিযোগ করুক সরকার রাজ্যের ট্যাব কেলেঙ্কারি থেকে রেশন দুর্নীতি সহ রাজ্যের সমস্ত দুর্নীতির পিছনে রয়েছে শাসকদলের নেতা ও মন্ত্রীরা। তিনি আরো বলেন, এই শাসকদলের নেতাদের দুর্নীতি বন্ধ হলে এই সরকারও আর টিকবে না। কারণ তাদের দলে আর কোনও লোক খুঁজে পাওয়া যাবে না।

বাঁশবেড়িয়ার কার্তিক পুজোয় কড়া নিরাপত্তা, ড্রোনের নজরদারি, গাইডম্যাপ প্রকাশ

নিজস্ব প্রতিবেদন, হুগলি: পশ্চিমবঙ্গের মধ্যে বাঁশবেড়িয়ার কার্তিক পুজো দেখতে দুর দুরান্ত জেলাগুলি থেকে দর্শনার্থীরা এসে ভিড় করেন। এইসঙ্গে ত্রিবেণী, মগরা, ব্যান্ডেল, সাহাগঞ্জ ও চুঁচুড়া পর্যন্ত ছড়িয়েছে কার্তিক পুজোর রেশ। হুগলি গ্রামীণ পুলিশ চন্দননগর পুলিশ কমিশনারেট ও বাঁশবেড়িয়া পুরসভার মিলিত সাংবাদিক সম্মেলন হল কার্তিক পুজো উপলক্ষ্যে। একইসঙ্গে গাইড ম্যাপ প্রকাশ করা হল, ব্যাচ প্রকাশ করা হল, শিশুদের পরিচয় পত্র প্রকাশ করা হল। হুগলির গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন জানালেন, এবার কার্তিক পুজোয় কড়া নিরাপত্তা ব্যবস্থা থাকবে। বেশ কিছু অঞ্চল নো এন্ট্রি থাকবে বেলা তিনটে থেকে সকাল ছটা। থাকছে সাদা পোশাকের পুলিশবাহিনী। থাকছে মহিলা পুলিশ বাহিনী, সাদা পোশাকের মহিলা পুলিশও থাকছে, এছাড়া বিশেষ নিরাপত্তা ব্যবস্থা হিসেবে উপর থেকে ড্রোনের নজরদারি চলবে। গঙ্গায় নজরদারির জন্য ভেসেল টহল দেবে গঙ্গার ঘাটগুলিতে। কড়া নিরাপত্তা ব্যবস্থা থাকছে সিসিটিভির নজরদারি থাকবে চারিদিকে। বাঁশবেড়িয়ার এবার প্রায় দেড়শো কার্তিক পুজো হচ্ছে যেগুলো কেন্দ্রীয় কমিটির অধীনে এখানকার কার্তিক পুজো, নানারকম থিমে ও আলোক সজ্জায় দর্শকদের মন জয় করবে এখানকার কার্তিক যেমন রাজাকান্তিক। জামাই কার্তিক সহ কার্তিকের নানা রূপ এইসঙ্গে নানা দেবদেবীর পুজো হয়। কার্তিক পুজো বিসর্জন আগামী বৃহস্পতিবার। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সপ্তগ্রামের বিধায়ক তপন দাশগুপ্ত, চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার, হুগলির গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন সহ অন্যান্য অতিথিবৃন্দ।

প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব, বিধায়কের কথায় বিতর্ক

নিজস্ব প্রতিবেদন, ভাতার: পূর্ব বর্ধমানের ভাতারে প্রকাশ্যে এল তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব। ভাতারের বলগোনা বাজারে পথসভায় বিধায়ক এলাকার ব্লক তৃণমূল কংগ্রেসে কমিটির সহ-সভাপতির উদ্দেশ্যে বলেন, ব্যানার টাঙিয়ে নেতা হওয়া যায় না, মান্ডির ধান খেয়ে মোটা হওয়া যায়। তার এই মন্তব্যের জেরে অস্বস্তিতে পড়েছে দল। ভাতারের বলগোনা বাজারে নিত্যানন্দপুর ও বলগোনা অঞ্চল তৃণমূল কংগ্রেসের সহযোগিতায় প্রথমে মিছিল ও পরে একটি পথসভা হয়। কয়েক হাজার তৃণমূল কংগ্রেসের কর্মী মিছিলে পা মিলিয়ে ছিলেন এদিন। বলগোনা অঞ্চল তৃণমূলের মিছিল শুরু হয় রেলগেট থেকে ও নিত্যানন্দপুর অঞ্চল তৃণমূলের একটি মিছিল শুরু হয় পাটনা গ্রাম থেকে। পরে দুটি একত্রিত হয়ে বলগোনা বাজারে পথসভা হয়। মিছিলের জেরে বর্ধমান কাটোয়া রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে। মিছিলের শেষে একটি পথসভা হয় বলগোনা বাজারে। সেখানে সিপিএম থেকে কুড়িটি পরিবার তৃণমূল কংগ্রেসের যোগদানও করে। কিন্তু বিধায়ক বক্তব্য রাখতে গিয়ে নাম না করে বলেন, 'ব্যানার টাঙিয়ে নেতা হওয়া যায় না, মান্ডির ধান খেয়ে মোটা হওয়া যায়' এই বক্তব্যতে শোরগোল পড়ে যাই ভাতার বিধানসভায় রাজনৈতিক মহলে।

উল্লেখ্য, ওই এলাকায় তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটি সহ-সভাপতি কিছু ব্যানার টাঙায় তারই পরিপ্রেক্ষিতে এই মন্তব্য বলে মনে করা হচ্ছে।

গ্রেপ্তার আন্তঃরাজ্য গোরু পাচার চক্রের ৮ জন

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: বর্ধমান জেলা পুলিশের তৎপরতায় গ্রেপ্তার আন্তঃরাজ্য গরু পাচার চক্রের ৮ জন। এই চক্রের বিরুদ্ধে পুলিশকে লক্ষ্য করে ইট মারার অভিযোগ রয়েছে। ধৃতদের কালনা মহকুমা আদালতে পেশ করা হয় শুক্রবার। পূর্ব বর্ধমানের কালনা শহরে গত অক্টোবর মাসের ২০ তারিখে, রাতের অন্ধকারে একটি গোরু, পিকআপ ভ্যানে করে তুলে নিয়ে যাওয়ার সময় কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারের নজরে আসে বিষয়টি। সে তৎক্ষণাৎ থানাতে বিষয়টি জানায় এবং থানার অফিসার ফোর্স নিয়ে ওই গাড়িটিকে ধাওয়া করে। সেই গাড়ি পালিয়ে যাবার সময় পুলিশকে চাপা দিয়ে মারার চেষ্টা করে এবং ঢিল ছুড়ে পুলিশদের আহত করে এবং গার্ডওয়েল ভেঙে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। শেষে পুলিশি তাড়ায় জামনা ব্রিজের কাছে গাড়িটি ফেলে পালিয়ে যায় দুষ্কৃতীরা। পুলিশ গাড়িটিকে বাজেয়াপ্ত করে এবং চুরি যাওয়া গোরুটিকে উদ্ধার করে মালিকের হাতে তুলে দেয়। পুলিশ তদন্তে নেমে গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার সেই গোরু চোরদের গ্রেপ্তার করে।

ফর্ম জি

অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড - মেটাল এবং স্টিল শিল্প পরিচালনকারী-এর জন্য আগ্রহ প্রকাশক ডাক আহ্বান

(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৩৬এ(১) অধীনে)

সংশ্লিষ্ট বিস্তারিত

১.	প্যান এবং সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম	অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড PAN : AAECA5230B CIN : L27101WB2002PLC094979
২.	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	৩৫, চিত্তরঞ্জন এভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০১২
৩.	ওয়েবসাইটের ইউআরএল	https://www.ankitmetal.com/
৪.	যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত	৩৫, সালতোরা বাঁকুড়া রোড, জোরহীরা ছাতনা, বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ৭২২১৩৭
৫.	প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা	পণ্য / উৎপাদন ক্ষমতা স্পঞ্জ আয়রন ২,১০,০০০ (এমটি) এমএস বিলেট ১,৮০,০০০ (এমটি) পিলেট ৬,০০,০০০ (এমটি) টিএমটি বার/এমএস রাউন্ড ১,০০,০০০ (এমটি) ওয়ার রড ১,৮০,০০০ (এমটি) পিগ আয়রন ১২,৫০০ (এমটি) ক্যাপটিভ পাওয়ার প্ল্যান ২০ এমডব্লিউ - ডব্লিউএইচআরবি (ওয়েস্ট হিট রিকভারি বেসড) ২৫.৫ এমডব্লিউ - এএফবিসি (অ্যাটমোসফিয়ারিক ফ্লুইডাইসড বেড কমবাশন)
৬.	বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য	বিগত আর্থিক বর্ষে বিক্রয়কৃত পণ্য/পরিষেবা পরিমাণ এবং মূল্য : বার্ষিক প্রতিবেদন অনুযায়ী ২০২২-২০২৩ আর্থিক বর্ষের কারবার থেকে রাজস্ব ৮৫৩.৯৯ কোটি টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২৩ সালে সমাপ্ত ৯ মাসের কারবার থেকে ২০২৩-২৪ আর্থিক বর্ষের তৃতীয় তিনমাসের আর্থিক ফলাফল অনুযায়ী রাজস্ব ৫৫৫.৬৮ কোটি টাকা। উল্লেখ্য সংশ্লিষ্ট কর্পোরেট ডেটরের অর্থিক ফলাফল ওয়েবসাইট https://www.ankitmetal.com/ উপলব্ধ মতে।
৭.	কর্মী/কাজের লোকের সংখ্যা	কর্মী/কাজের লোকের সংখ্যা : সংশ্লিষ্ট প্ল্যান্ট ডিসেম্বর '২৩ পর্যন্ত চালু ছিল এবং কর্পোরেট ডেটরের পূর্বের ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রদত্ত মোট কর্মী/কাজের লোকের সংখ্যা ছিল ১,০১৬।
৮.	বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট ঘটনার তারিখ (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন সহ পরবর্তী	সর্বশেষ উপলব্ধ অর্থিক প্রতিবেদন(তপশিল সহ) আরও বিস্তারিত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াধীন পরবর্তী ঘটনার সংশ্লিষ্ট তারিখ উপলব্ধ : আর্থিক প্রতিবেদনের জন্য বিনিয়োগকারীদের কর্নার ট্যাব https://www.ankitmetal.com/ investors.html দেখুন। আগ্রহ প্রকাশক বিস্তারিত এবং সংশ্লিষ্ট তারিখের জন্য উল্লেখ করুন সিআইআরপি ট্যাব https://www.ankitmetal.com/ বা ইমেল পাঠান : IP.ankitmetal@gmail.com।
৯.	প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২) (এইচ) অধীনে	সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২) অধীনে প্রস্তাব আবেদনের জন্য উপযুক্ততা উপলব্ধ : সিআইআরপি ট্যাব https://www.ankitmetal.com/ বা ইমেল IP.ankitmetal@gmail.com পাঠিয়ে আগ্রহ প্রকাশক (ইওআই) প্রক্রিয়ার নথি পাওয়া যাবে।
১০.	আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ	০২.১২.২০২৪
১১.	সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ	০৪.১২.২০২৪
১২.	সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ	০৯.১২.২০২৪
১৩.	সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ	১১.১২.২০২৪
১৪.	মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ	১১.১২.২০২৪
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	১০.০১.২০২৫
১৬.	ইওআই দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি	IP.ankitmetal@gmail.com

সঞ্জীব কুমার জালান
প্রস্তাব পেশাদার

তারিখ : ১৬ নভেম্বর ২০২৪
স্থান : কলকাতা

অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড-এর সিআইআরপি বিষয়ক
এএফএ নং - AA1/13053/02/300625/106922 (বৈধ ৩০.০৬.২০২৫ পর্যন্ত)
আইবিবিআই রেজিস্ট্রেশন নং : IBBI/IPA-001/IP-P-01901/2020-2021/13053
যোগাযোগের ইমেল ঠিকানা : ip.ankitmetal@gmail.com;sanjeevjalan@bdo.in
আইবিবিআই নথিভুক্ত ইমেল : sanjeev_jalan@yahoo.com
আইবিবিআই নথিভুক্ত ঠিকানা - রাহেজা সলিটেয়ার, উইং বি ১৪০১, বীর সাংভি মার্গ, কামাট হোটেলের নিকট, মুম্বই সিটি, মহারাষ্ট্র, ৪০০১০৪
ইনসলভেন্সি প্রফেশনাল এনটিটি : বিডিও রিস্ট্রাকচারিং অ্যাডভাইসরি এলএলপি, লেভেল ৯, দি রুবি, নর্থওয়েস্ট উইং, সেনাপতি বাপত মার্গ, দাদার (প), মুম্বই ৪০০০২৮, ভারত

Recruitment Notice

Garhchumuk Kolia Teachers' Training College

Vill-Kolia, P.O.-Nabagram Sikipur, P.S.-Shyampur, Dist-Howrah, Pin-711315

Recognized by NCTE & Affiliated to BSAEU

Applications are invited for the post of Assistant Professors in Arabic-1, Political Science-1, Hindi-1, Commerce-1 for the B.Ed. section, Garhchumuk Kolia Teachers' Training College at Vill- Kolia, P.O.-Nabagram Sikipur, P.S.- Shyampur, Dist- Howrah, Pin-711315. Eligibility & Pay Scale as per NCTE norms. Apply within seven(7) days with CV (Mentioning name of the post) to e-mail id: info@gkttc.org. Contact: 9830178526. Details: www.gkttc.org.

Sd/-
Secretary

ফর্ম এ

সাধারণ ঘোষণা

(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৬ অধীনে)

নোভাটেক প্রজেক্টস (আই) প্রাইভেট লিমিটেড-এর বিনিয়োগকারীগণের অবগতির জন্য

সংশ্লিষ্ট বিস্তারিত

১.	কর্পোরেট ডেটরের নাম	নোভাটেক প্রজেক্টস (আই) প্রাইভেট লিমিটেড
২.	কর্পোরেট ডেটরের গঠনের তারিখ	২১ আগস্ট ১৯৮৪
৩.	যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর গঠিত/নথিভুক্ত	আরওসি-কলকাতা
৪.	কর্পোরেট ডেটরের কর্পোরেট আইডেন্টিটি নং/লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	U28100MH1984PTC033793
৫.	কর্পোরেট ডেটরের রেজিস্টার্ড অফিস এবং প্রধান অফিস (যদি কিছু থাকে) ঠিকানা	৬০১, বালাজি ইনফোটেক, প্লট নং ২৭৮/এ, রোড নং ১৬/এ, ওয়াগলে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, থানে, মহারাষ্ট্র, ভারত, ৪০০৬০৪
৬.	কর্পোরেট ডেটরের ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরুর তারিখ	১৩ নভেম্বর ২০২৪ (নির্দেশ গৃহীত ১৪ নভেম্বর ২০২৪)
৭.	ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া সমাপ্তির আনুমানিক তারিখ	১২ মে ২০২৫
৮.	ইনসলভেন্সি প্রস্তাব পেশাদার হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	নেহা জৈন নিমানি IBBI/IPA-001/IP-P-02465/2021-2022/13927
৯.	বোর্ডের নিকট রেজিস্ট্রিকৃত অন্তর্বর্তী প্রস্তাব পেশাদারের ঠিকানা এবং ইমেল	২৪০৪বি পার্থেনন বিল্ডিং, জেপি রোড, ৪ বাঙ্গালোস, অন্ধেরি পশ্চিম, মুম্বই সিটি, মহারাষ্ট্র, ৪০০০৫৩ ইমেল : nehavkjain@gmail.com
১০.	অন্তর্বর্তী প্রস্তাব পেশাদারের সহিত যোগাযোগের জন্য ঠিকানা এবং ইমেল	কেডিআরএ ইনসলভেন্সি প্রফেশনালস প্রাইভেট লিমিটেড ইউনিট ২০৭, ৩য় তল, ক্ষিতিজ সিএইচএস লি. আজাদ নগর মেট্রো স্টেশনের নিকট, ভীরা দেশাই রোড, অন্ধেরি পশ্চিম, মুম্বই - ৪০০০৫৩ ইমেল : cirp.novatechproject@gmail.com
১১.	দাবি দাখিলের শেষ তারিখ	২৭ নভেম্বর ২০২৪
১২.	বিনিয়োগকারীগণের শ্রেণি, যদি কিছু থাকে, সংশ্লিষ্ট আইনের ২১ ধারার উপধারা (৬এ) এর (বি) পরিমেল অধীনে অন্তর্বর্তীকালীন প্রস্তাবক পেশাদার কর্তৃক নির্ধারিত	প্রযোজ্য নয়
১৩.	সংশ্লিষ্ট শ্রেণিতে বিনিয়োগকারীগণের অনুমোদিত প্রতিনিধি হিসেবে কার্যরত ইনসলভেন্সি পেশাদারগণের চিহ্নিতকরণের নাম (প্রতিটি শ্রেণিতে তিনটি নাম)	প্রযোজ্য নয়
১৪	(ক) সম্পর্কিত ফর্মগুলি এবং (খ) প্রাপ্ত অনুমোদিত প্রতিনিধিগণের বিস্তারিত	ক) Web link: https://ibbi.gov.in/en/home/downloads খ) প্রযোজ্য নয়

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, নির্দেশ দিয়েছে **নোভাটেক প্রজেক্টস (আই) প্রাইভেট লিমিটেড**-এর কর্পোরেট ইনসলভেন্সি প্রস্তাব প্রক্রিয়া শুরু করার **১৩ নভেম্বর ২০২৪** তারিখে।

নোভাটেক প্রজেক্টস (আই) প্রাইভেট লিমিটেড-এর বিনিয়োগকারীগণকে প্রামাণ্য নথি সহ তাদের দাবি **২৭ নভেম্বর ২০২৪** তারিখে অন্তর্বর্তীকালীন প্রস্তাবক পেশাদারগণের নিকট ক্রম নং ১০-এ উল্লিখিত ঠিকানায় পেশ করতে। আর্থিক বিনিয়োগকারীগণ প্রামাণ্য নথি সহ কেবল বৈদ্যুতিন মাধ্যমেই তাদের দাবি দাখিল করতে পারবেন। অন্যান্য বিনিয়োগকারীগণ তাদের দাবি প্রামাণ্য নথি সহ ব্যক্তিগতভাবে বা ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে দাখিল করতে পারেন।

মিথ্যা অথবা বিভ্রান্তকারী প্রমাণ সহ দাবি দাখিলের ক্ষেত্রে জরিমানা হতে পারে।

স্বা/-
নেহা জৈন নিমনি
অন্তর্বর্তীকালীন প্রস্তাব পেশাদার
নোভাটেক প্রজেক্টস (আই) প্রাইভেট লিমিটেড

তারিখ : ১৬ নভেম্বর ২০২৪
স্থান : মুম্বই

বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা পূর্ব ত্রিমোহিনী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের সকল সদস্য/ সদস্যাকে জানানো যাইতেছে যে আগামী ০৫-১২-২০২৪ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১১.০০ (এগারো) ঘটিকায় সমিতির অফিস ঘরে অত্র সমবায় সমিতির পরিচালকমন্ডলীর সদস্য/ সদস্যা নির্বাচনের উদ্দেশ্যে একটি বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত নির্বাচনী নির্ঘন্ট (সংযুক্ত) অনুযায়ী নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হবে। অত্র সমবায় সমিতির সকল সদস্য/ সদস্যাগণকে উক্ত বিশেষ সাধারণ সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

উল্লেখ্য অত্র বিজ্ঞপ্তির সঙ্গে বসড়া **নির্বাচক তালিকা ও নির্বাচনী নির্ঘন্ট** সংযুক্ত হল যা এই বিজ্ঞপ্তির অংশ বলে বিবেচিত হবে এবং সমিতির নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

সংযুক্তি- খসড়া নির্বাচক তালিকা ও নির্বাচনী নির্ঘন্ট।
পরিচালক মন্ডলীর সদস্য সংখ্যা-৯ (নয়) জন
(অসংরক্ষিত ৬ জন, সংরক্ষিত মহিলা ২ জন ও তপশিলী জাতি/ উপজাতি ১ জন)
নির্বাচনী নির্ঘন্ট

ক্রমিক নং	বিষয়	তারিখ	স্থান	সময়	ভারপ্রাপ্ত ব্যক্তি
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	১৪/১১/২০২৪	সমিতির অফিস	দুপুর ১২ টা	সমিতির এ.আর.ও
২.	খসড়া ভোটার তালিকার উপর আপত্তি গ্রহণ	১৪/১১/২০২৪-১৮/১১/২০২৪	সমিতির অফিস	সকাল ১১টা থেকে দুপুর ২ টা	সমিতির ম্যানেজার
৩.	গ্রহীত আপত্তির প্রমানাদি সাপেক্ষে নিষ্পত্তিকরণ	২১/১১/২০২৪	সমিতির অফিস	দুপুর ১২.০০ টা	সমিতির এ.আর.ও
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	২১/১১/২০২৪	সমিতির অফিস	নিষ্পত্তিকরণের পরেই	সমিতির এ.আর.ও
৫.	আবেদন ক্রমে মনোনয়ন পত্র বিলি	২৭/১১/২০২৪-২৯/১১/২০২৪	সমিতির অফিস	সকাল ১১টা থেকে দুপুর ২ টা	সমিতির ম্যানেজার
৬.	প্রার্থী বা তার প্রতিনিধি কর্তৃক মনোনয়ন পত্র পেশ	২৭/১১/২০২৪-২৯/১১/২০২৪	সমিতির অফিস	সকাল ১১টা থেকে দুপুর ২ টা	সমিতির এ.আর.ও
৭.	মনোনয়ন পত্র পরীগক্ষা	০১/১২/২০২৪	সমিতির অফিস	দুপুর ১২.০০ টা	সমিতির এ.আর.ও
৮.	বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ	০১/১২/২০২৪	সমিতির অফিস	মনোনয়ন পত্র পরীক্ষার অব্যবহিত পরে	সমিতির এ.আর.ও
৯.	প্রার্থীর লিখিত আবেদন ক্রমে মনোনয়ন পত্র প্রত্যাহার	০৩/১২/২০২৪	সমিতির অফিস	বিকেল ৩.০০ টা পর্যন্ত	সমিতির এ.আর.ও
১০.	প্রত্যাহার শেষে বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ	০৩/১২/২০২৪	সমিতির অফিস	বিকলে ৩.০০ টার পরে	সমিতির এ.আর.ও
১১.	প্রতীক বন্টন (প্রয়োজন বোধে)	০৩/১২/২০২৪	সমিতির অফিস	চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশের পরে	সমিতির এ.আর.ও
১২.	আবশ্যক ক্ষেত্রে ভোট গ্রহণ	২৫/১২/২০২৪	সমিতির অফিস	সকাল ১১ টা থেকে বিকেল ৩ টা	সমিতির এ.আর.ও
১৩.	ভোট গণনা ও ফল ঘোষণা	২৫/১২/২০২৪		গণনা শেষে	সমিতির এ.আর.ও

বিশেষ দ্রষ্টব্য- পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের আইন ২০০৬ ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের নিয়মাবলী ২০১১ অনুযায়ী প্রতিনিধি/ পরিচালকমন্ডলী নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন প্রদত্ত ভোটার পরিচয় পত্র, সমিতির পাশবহি, অথবা বিকল্প সচিত্র পরিচয়পত্র ভোটদান কেন্দ্রে সঙ্গে আনিবেন।

সাগরী মন্ডল
সহকারী রিটার্নিং অফিসার
পূর্ব ত্রিমোহিনী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

মহারাজা শ্রী উমেদ মিলস লিমিটেড

রেজি. অফিস : ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা - ৭০০০২২
ফোন : +৯১ ৩৩ ২২২৩০০১৬, **ফ্যাক্স :** +৯১ ৩৩ ২২২৩১৫৬৯, **ই-মেল :** kolkata.msum@lnbgroup.com
ওয়েবসাইট : www.msumindia.com ; **CIN :** U17124WB1939PLC128650
হেড অফিস এবং ওয়ার্কস : যোধপুর রোড, পালি- ৩০৬৪০১ (রাজস্থান)
ফোন : +৯১ ২৯৩২ ২২০২৮৬/২৮৮, **ফ্যাক্স :** +৯১ ২৯৩২ ২২১৩৩৩, **ইমেল :** ho.msum@lnbgroup.com

নোটিশ

সদস্যদের এতদ্বারা জানানো যাচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ সালের কোম্পানি ('আইন') এর ধারা ১০৮ এবং ১১০ এর বিধান অনুসারে (ম্যানেজমেন্ট অ্যান্ড এডমিনিস্ট্রেশন) এবং ২০১৪ এর রুল ২০ এবং ২২ (যেকোনো সংবিধিবদ্ধ পরিবর্তন বা আইনীকরণ সহ পঠিত আপ